দৈনিক
ইত্তেফাক

তারিখ ...............
পৃষ্ঠা ...... কলাম ......

# নড়িয়ায় শিক্ষক অপসারণের দাবিতে শিক্ষার্থীদের সড়ক অবরোধ ও বিক্ষোভ

■ মোঃ কবির উজ্জামান, নড়িয়া (শরীয়তপুর) সংবাদদাতা

নড়িয়া উপজেলার পণ্ডিৎসার উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক মোঃ গোলাম মোস্তফার অপসারণের দাবিতে গতকাল শনিবার সকালে বিদ্যালয়ের মূল ফটকের সামনে নড়িয়া ঘরিসার সড়ক কয়েক ঘণ্টা অবরোধ করে আগুন জ্বালিয়ে বিক্ষোভ করে বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা। সংবাদ পেয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে নেয় পুলিশ। ছাত্র-ছাত্রীদের সঙ্গে অসদাচরণ ও মারপিটের অভিযোগ শিক্ষার্থীদের। পরিস্থিতি নিয়ন্ত্রণে মৌখিকভাবে অভিযুক্ত শিক্ষককে সাময়িক বরখাস্ত করার সিদ্ধান্ত ম্যানেজিং কমিটির। বিষয়টি তদন্ত সাপেক্ষে আইনগত ব্যবস্থা নেওয়ার কথা জানিয়েছে পুলিশ।

অভিযুক্ত শিক্ষকের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার আশ্বাসে অবরোধ তুলে নেয় বিক্ষুব্ধ শিক্ষার্থীরা। এ দিকে শিক্ষকের বিরুদ্ধে অভিযোগ মিথ্যা দাবি করে সুষ্ঠু তদন্ত দাবি করেছেন অভিযুক্ত শিক্ষক গোলাম মোস্তফা।

এ দিকে শিক্ষককে সাময়িকভাবে বরখাস্তের কথা জানিয়েছেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ মোছলেউদ্দিন বাদল।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর